

শ্রী মন্ত্রণালয়

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

PRESS RELEASE

July 6, 2011

“E-governance can serve as a strategic tool in attaining goals of democratic institution building”-Ambassador Akramul Qader

Ambassador Akramul Qader, Bangladesh Ambassador to the USA and State Minister, suggested that Bangladesh's development partners may focus on 'e-governance' as a strategic tool in their country assistance programmes since modern ICTs can simultaneously enhance government's efficiency and productivity and strengthen the process of accountable and democratic governance.

At the swearing-in ceremony for Richard Greene, the newly appointed Mission Director of USAID Bangladesh, held at the USAID office in Washington, DC, Ambassador Akramul Qader expressed his hope that in its future country programmes, USAID would carry out some innovative ideas for ICT capacity building in Bangladesh, particularly in the public offices. “Such initiatives would materialize the overlapping goals of both USA and Bangladesh as two trusted partners in democratic governance”-he said. Aside from e-governance, the two other most vital sectors in which technical assistance from Bangladesh's development partners are critical are: capacity building for food standard testing organizations and technical education to expand Bangladesh's overseas employment sector.

USAID Administrator Dr. Rajiv Shah mentioned that Bangladesh stands as a role model in attaining his organization's global aims in multiple sectors including nutrition, food security, disaster management and people's empowerment. Newly appointed US Ambassador to Bangladesh Mr. Dan Mozena and other senior USAID officials were among the attendees in the swearing-in ceremony which was followed by a reception.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771/7830
e-mail: pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : bdootwash@bdembassyusa.org

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

জুলাই ৬, ২০১১

গণতান্ত্রিক প্রতিষ্ঠান নির্মাণে ই-গভর্নেন্স একটি কার্যকরী পন্থা হিসেবে কাজ করতে পারেঃ রাষ্ট্রদূত আকরামুল কাদের

মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের বলেন যে, জবাবদিহিতামূলক ও গণতান্ত্রিক সরকার ব্যবস্থা সুসংহতকরণে বাংলাদেশের উন্নয়ন সহযোগী রাষ্ট্র ও বহুপাক্ষিক প্রতিষ্ঠানগুলির ই-গভর্নেন্সের উপর জোর দেয়া উচিত।

ওয়াশিংটন ডিসিস্থ মার্কিন আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতা প্রতিষ্ঠান (ইউএসএআইডি) এর সদর দপ্তরে নবনিযুক্ত বাংলাদেশ মিশন পরিচালক জনাব রিচার্ড গ্রীন এর শপথ গ্রহন অনুষ্ঠানে রাষ্ট্রদূত কাদের আশা প্রকাশ করেন যে, ইউএসএআইডি তাদের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে বাংলাদেশে ই-গভর্নেন্স বাস্তবায়নে সৃজনশীল পদক্ষেপ হাতে নেবে। তিনি বলেন যে, এসব পদক্ষেপ বাংলাদেশের সরকারী প্রতিষ্ঠানসমূহে দক্ষতা বৃদ্ধি এবং জবাবদিহিতা নিশ্চিত করার ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখতে পারে। তিনি আরও বলেন যে, ই-গভর্নেন্সের পাশাপাশি বাংলাদেশে খাদ্যমান পরীক্ষাকারী প্রতিষ্ঠানসমূহ এবং কারিগরী ও কর্মমুখী শিক্ষা কর্মসূচী আধুনিকীকরণে কারিগরী সহায়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাষ্ট্রদূত কাদের বলেন যে, কারিগরী শিক্ষা আধুনিকায়নের ফলে বাংলাদেশের প্রধান বৈদেশিক মুদ্রা অর্জনকারী ক্ষেত্র-বৈদেশিক কর্মসংস্থান- সম্প্রসারিত হবে।

ইউএসএআইডি-এর প্রশাসক ড. রাজীব শাহ্ তাঁর বক্তব্যে বলেন যে, বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বিশেষতঃ পুষ্টি, খাদ্য নিরাপত্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও মানবিক ক্ষমতায়নে বাংলাদেশ ইউএসএআইডি'র বৈশ্বিক লক্ষ্যমাত্রা অর্জনে এক গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত হিসেবে বিবেচিত হচ্ছে। বাংলাদেশে মনোনীত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত জনাব ড্যান মোজেনাসহ ইউএসএআইডির উর্ধ্বতন কর্মকর্তা এবং ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ শপথ গ্রহন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

স্বপন কুমার সাহা, মিনিষ্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স: ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইলঃ pressministerwash@yahoo.com